

## প্রেস বিজ্ঞপ্তি

ই-নথি কার্যক্রম চালু হলো জনপ্রশাসন মন্ত্রণালয়ে

ঢাকা, ১২/০৭/২০১৫ঃ


জনপ্রশাসন মন্ত্রণালয়ে আজ থেকে সকল পর্যায়ে ই-নথি কার্যক্রম চালু করা হয়েছে। জনপ্রশাসন প্রতিমন্ত্রী ইসমাত আরা সাদেক মন্ত্রণালয়ের সিনিয়র সচিব প্রেরিত একটি ফাইল অনুমোদনের মাধ্যমে মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে এ কার্যক্রমের উদ্বোধন করেন।

অনুষ্ঠানে জনপ্রশাসন প্রতিমন্ত্রী বলেন, ই-নথি কার্যক্রম চালু হওয়ায় দেশের ডিজিটাল কার্যক্রম একধাপ এগিয়ে গেল। ফলে স্বল্প সময়ে প্রত্যাশিত নাগরিক সেবা প্রদানের পাশাপাশি প্রশাসনে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে।

এ কার্যক্রমের ফলে এখন থেকে মন্ত্রণালয়ের সাথে মাঠপ্রশাসনের বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সাথে ই-নথি কার্যক্রম চালু করা সম্ভব হবে।

ইতোমধ্যে ই-নথির সফটওয়্যার ব্যবহারের বিষয়ে বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ ও অধিদপ্তরের প্রায় ২১০০ কর্মকর্তাকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের সকল কর্মকর্তাকে ই-নথি ব্যবহারের উপযোগী বাংলা ইউনিকোডের বিষয়ে প্রশিক্ষণ এবং জাতীয় ই-সেবা সিস্টেম ব্যবহারের জন্য আইডি ও পাসওয়ার্ড প্রদান করা হয়েছে।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী বক্তৃতা করেন।

  
মোঃ তোহিদুল ইসলাম

সিনিয়র তথ্য অফিসার

জনপ্রশাসন মন্ত্রণালয়

মোবাঃ ০১৭১৮-৫৪৩৬২৫